



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল

ঢাকা-১০০০

বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স পলিসি সেকশন)

ওয়েব সাইট: www.bb.org.bd

সাকুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৪-১৬

তারিখঃ ১৯-০৪-১৪২১ বাঃ
০৩-০৮-২০১৪ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়া খাবার সরবরাহ ও অন্যান্য বাবদ প্রতিজন হজ্জযাত্রীর জন্য সৌদিঃ
৬,৮০০.০০ হারে সৌদি আরবে স্থানান্তর প্রসংগে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ্জ শাখার ২৩.০৭.২০১৪ তারিখের
ধবিম/হঃশাঃ/৬-১/২০০৯/৮৭৫ নং পত্রের (কপি সংযুক্ত) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

হজ্জযাত্রীদের নামের তালিকা ও মোয়াল্লেম ফি জমাদানের প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর মালিক/বৈধ প্রতিনিধির মাধ্যমে
যথাযথ আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ ২০১৪ খ্রিঃ/১৪৩৫ হিজরী সালে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের সৌদি
আরবে বাড়ী ভাড়া, খাবার সরবরাহ ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য হজ্জযাত্রী প্রতি সৌদি রিয়াল ৬,৮০০.০০ (ছয় হাজার আট শত
মাত্র) হারে সৌদি আরবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক (এক পাতা)।

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩১৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-ধবিম/হঃশাঃ/৬-১/২০০৯/৮৭৫


তারিখঃ ২৩.০৭.২০১৪খ্রিঃ

বিষয়ঃ ২০১৪খ্রিঃ/১৪৩৫হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়া খাবার সরবরাহ ও অন্যান্য বাবদ প্রতিজন হজ্জযাত্রীর জন্য সৌঃরিঃ ৬,৮০০ হারে সৌদি আরবে স্থানান্তর প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ২০১৪খ্রিঃ/১৪৩৫হিজরী সালে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের সৌদি আরবে বাড়ীভাড়া, খাবার সরবরাহ ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য হজ্জযাত্রী প্রতি সৌঃরিঃ ৬,৮০০.০০ (সৌঃরিঃ ছয় হাজার আটশত) অথবা সমমান বাংলাদেশী টাকা সৌদি আরবে স্থানান্তরের লক্ষ্যে সরকার অনুমতি প্রদান করেছে।

০২। এমতাবস্থায়, হজ্জযাত্রীদের নামের তালিকা ও মোয়াল্লেম ফি জমাদানের প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর মালিক/বেধ প্রতিনিধির মাধ্যমে যথাযথ আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে প্রয়োজনীয় সৌদি রিয়াল অথবা সমমান বাংলাদেশী টাকা স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হ'ল।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।


26/7/14
(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ্জ)
ফোনঃ ৯৫৮৫২০০।

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।

অনুলিপি কার্যার্থেঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
- ৩। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
- ৪। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভেঞ্চারী, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।